অংশু

বঙ্গীয় শব্দকোষ

পুঃ [+অশ্+উ (কু)-ক (অ.টী); বৈদিক]

১ যাহা ব্যাপ্ত করে, কিরণ, কর। “ঘর্ম্ম°, নিশাকর°, সুধা°।

সূর্য্যাংশুভি-ভিন্নমিবারবিন্দম্ কু.স ১.৩২। সোমসূর্য্যাংশু যাজ্ঞ ১.১৯৪। সুধাংশু অংশু মে ১১২; সুধাংশুর অংশু ১১৮। দিনমণি...প্রচণ্ড অংশুসমূহ নিক্ষেপ করিতে লাগিলেন কাদ ১০।

২ প্রভা, দীপ্তি ।

“দশন°, রত্ন°। অঙ্গুষ্ঠনখাংশু মাঘ ১৯। অগ্নি-অংশু যেন পাংশু-আচ্ছাদিত ম ১৯১। অংশুময়ী ভা.চ ৪২৮।

৩ (সাদৃশ্যে) সূত্র, সুতা।

“ঘন-অংশু অংশুক ভ্রাজয়ে ন.প ১৭১।

৪ সূত্রাদির সূক্ষ্মাংশ; আঁশ (Fibre)।

৫ বেশ, পরিচ্ছদ, বস্ত্র। তু ’অংশুক’।

৬ লেশ, অণু. কণ।

৭ সূক্ষ্মাংশ । তু ‘প্রাংশু’ (ত বা)।

৮ সূর্য্য (বিশ্ব)।

৯ প্রকাশ। তু ‘উপাংশু’।

১০ বেগ। ১১ (?)।

”পথ আগুলিয়া রণ দেহ অষ্টবসু। অমরাতে আসিতে না পারে দৈত্য ‘অংশু’॥ চ বি ৪৪। [বোধ হয় মুদ্রাঙ্কণ-প্রমাদে ‘আশু’-স্থানে ’অংশু’]